



সত্যের কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নেই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

ঋণ আদায় বিভাগ-২

E-mail: dgmlrd2@rakub.org.bd



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অঙ্গশক্তি

প্রকা/ঋআবি-২/৩০(৬)/২০২১-২০২২/৫১৭(৪০২)

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২১।

০১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০২. ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৩. সকল শাখা ব্যবস্থাপক (জোনাল কার্যালয়ের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: ঋণ শ্রেণিকরণ এবং এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়ক্সাতে স্থানান্তরকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩, তারিখ ৩০ ডিসেম্বর ২০২১ অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রণ করে দেয়া হলো। উক্ত সার্কুলারের নির্দেশনা অনুসরণ পূর্বক প্রদত্ত সুবিধা প্রযোজ্য ক্ষেত্রে গ্রহণ করে ঋণ শ্রেণিকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

৩০.১২.২০২১

(মো: জাকির হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

ফোন নং : ০২৪৭-৮৬০৫২২

নং-প্রকা/ঋআবি-২/৩০(৬)/২০২১-২০২২/৫১৭(৪০২)/৫৬

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। উপ মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। অফিস নথি/মহানথি।

৩০.১২.২০২১

(হীরামনি খাতুন)

কর্মকর্তা



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd



বিআরপিডি সার্কুলার লেটার নং-৫৩

৩০ ডিসেম্বর ২০২১

তারিখঃ -----

১৫ পৌষ ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণিকরণ এবং এর বিপরীতে আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তরকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২৬ আগস্ট ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৯, ১৪ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০ এবং ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১ এবং ৫২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১/২০২১ এর মাধ্যমে সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ ডিসেম্বর/২০২১ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত সময়ে ঋণ/বিনিয়োগসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। এক্ষণে, সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণ/বিনিয়োগের অনুরূপ বিআরপিডি সার্কুলার-১৯/২০২১ আওতায় সুবিধাপ্রাপ্ত অন্যান্য ঋণ/বিনিয়োগের বিপরীতেও জানুয়ারি/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত প্রদেয় কিস্তি/অর্থের ২৫(পঁচিশ) শতাংশের পরিবর্তে ন্যূনতম ১৫(পনের) শতাংশ আদায় হলে উক্ত ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শন করা যাবে এবং সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগের ভবিষ্যত আদায় ঝুঁকি বিবেচনায় নিয়ে ২০২১ সালের আরোপিত সুদ/মুনাফা আয়খাতে স্থানান্তর করা যাবে। তবে ইতঃপূর্বের নির্দেশনা অনুযায়ী ২% অতিরিক্ত জেনারেল প্রভিশন সংরক্ষণ করতে হবে।

৪। এছাড়া সূত্রোদ্ধিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২